



# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



নং: ৩৬.০৫.০১৮.০১.০২.১৩৫৯.২০১৯

1267 (৩১)

তারিখ: ১৯-০৯-২০১৯ খ্রিঃ

## অফিস আদেশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সিটিজেন চার্টার অনুযায়ী সার্টিফিকেশন মার্কস (সিএম) লাইসেন্স/ছাড়পত্র সেবা যাতে জনসাধারণকে দ্রুত ও স্বল্পতম সময়ে প্রদান করা যায় সে লক্ষ্যে বিভাগীয়/জেলা অফিসসমূহ হতে সিএম লাইসেন্স/ছাড়পত্র ইস্যু করণে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- (১) বাধ্যতামূলক মানসনদের আওতাভুক্ত যেসকল পণ্যের লাইসেন্সের অনুমোদন সার্টিফিকেশন কমিটির মাধ্যমে প্রদান করা হয় সেসকল পণ্য ব্যতিত অন্যসকল পণ্যের লাইসেন্স/ছাড়পত্র স্ব-স্ব বিভাগীয় অফিস কর্তৃক অনুমোদন করে বিভাগীয়/জেলা অফিস কর্তৃক বিল প্রণয়ন এবং ফি আদায় সাপেক্ষে লাইসেন্স/ছাড়পত্র ইস্যু করবে।
- (২) বাধ্যতামূলক যে সকল পণ্যের পরীক্ষণ বিভাগীয়/জেলা অফিস কর্তৃক সম্পূর্ণ বা আংশিকভাবে পরীক্ষার জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয় সেসকল পণ্যের পরীক্ষা প্রধান কার্যালয় হতে সম্পাদনের পর পরীক্ষণ প্রতিবেদন (হার্ড কপি/সফট কপি) সরাসরি সংশ্লিষ্ট বিভাগ/জেলা অফিসে প্রেরণ করতে হবে। বিষয়টি পরিচালক (পদার্থ) ও পরিচালক (রসায়ন) নিশ্চিত করবেন।
- (৩) পরীক্ষণ প্রতিবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট জেলা অফিসসমূহ বিভাগীয় অফিস হতে পণ্যের সিএম লাইসেন্সের অনুমোদন গ্রহণপূর্বক জেলা অফিস কর্তৃক বিল প্রণয়ন এবং ফি আদায় সাপেক্ষে লাইসেন্স/ছাড়পত্র ইস্যু করবে।
- (৪) সার্টিফিকেশন কমিটির মাধ্যমে যে সকল পণ্যের লাইসেন্স অনুমোদন করা হয় সে সকল পণ্যের অনুমোদনসহ লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে পূর্বের নিয়ম বলবৎ থাকবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ তাহের জামিল)  
পরিচালক (প্রশাসন)

বিতরণ (প্রয়োজনীয় কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক (মেট/সিএম/পদার্থ/প্রশাসন/মান/রসায়ন), বিএসটিআই, ঢাকা।
- ২) পরিচালক, বিএসটিআই বিভাগীয় অফিস, রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।
- ৩) উপ-পরিচালক (মেট/পদার্থ) ও অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয় অফিস, ডিএমআই/সিলেট/রংপুর।
- ৪) সহকারী পরিচালক (পদার্থ) ও অফিস প্রধানের দায়িত্বে, বিএসটিআই বিভাগীয় অফিস, বরিশাল।
- ৫) সহকারী পরিচালক (রসায়ন/মেট) ও অফিস প্রধানের দায়িত্বে  
বিএসটিআই জেলা অফিস, ফরিদপুর/কক্সবাজার/কুমিল্লা।
- ৬) সহকারী পরিচালক (হিসাব ও অভ্যং নিরীক্ষা), বিএসটিআই, ঢাকা।
- ৭) উর্ধ্বতন পরীক্ষক ও অফিস প্রধানের দায়িত্বে, বিএসটিআই জেলা অফিস, ময়মনসিংহ।
- ৮) আইসিটিসেল, বিএসটিআই, ঢাকা।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জেলা প্রশাসক (চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ফরিদপুর/কক্সবাজার/কুমিল্লা/ময়মনসিংহ)
- ২) পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।